

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সরকারি যানবাহন অধিদপ্তর  
সচিবালয় লিংক রোড, ঢাকা  
[www.dgt.gov.bd](http://www.dgt.gov.bd)

সরকারি যানবাহন অধিদপ্তরের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ মিজানুর রহমান(অতিরিক্ত সচিব), পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।  
সভার তারিখ: ১৬/০৭/২০২০  
সভার সময়: সকাল ১০.৩০ ঘটিকা  
স্থান: পরিবহন কমিশনার মহোদয়ের সম্মেলন কক্ষ।  
উপস্থিত কর্মচারীবৃন্দ: পরিশিষ্ট-ক

সরকারি যানবাহন অধিদপ্তরের নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই কমিটির সভাপতি সদস্য সচিব বেগম নাগিস পারভীনকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-২০২০-২১ সম্পর্কে উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভায় সদস্য সচিব জানান যে, এ অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-২০২০-২১ মন্ত্রণালয়ে প্রেরণ করা আবশ্যিক এবং দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ একটি নমুনা ও একটি নির্দেশিকা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে প্রকাশিত। নমুনা এবং নির্দেশনা সভায় পেশ করা হয়। এ অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ তৈরির জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার কৌশল ও নির্দেশনার বিষয়ে এবং ত্রৈমাসিক প্রথম কোয়ার্টার অগ্রগতি বাস্তবায়নের জন্য বিস্তারিত আলোচনা করা হয়।

(১) প্রতি অর্থ বছরের শুরুতে প্রতিটি দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতি তিন মাস অন্তর মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সে লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছর শেষ হয়েছে। ২০২০-২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রেরণ করার নিমিত্ত প্রস্তুত করা প্রয়োজন। সরকারি যানবাহন অধিদপ্তরের ২০২০-২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রস্তুতের জন্য বিস্তারিত আলোচনা করা হয় এবং ২০২০-২১ অর্থ বছরের জন্য শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
১৬.০৭.২০২০

(মোঃ মিজানুর রহমান)  
পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব)  
ও সভাপতি  
নৈতিকতা কমিটি কমিটি।

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৫.২৯.০৩৭.২০- ২১৪

তারিখঃ ১৬/০৭/২০২০ খ্রি.

- অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ
- ১। পরিচালক(সড়ক/নৌ), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
  - ২। উপসচিব(সংযুক্ত) সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
  - ৩। ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা, ঢাকা।
  - ৪। উপপরিচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
  - ৫। সহকারী পরিচালক(নৌ/সড়ক), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
  - ৬-৭। প্রশাসনিক কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা(চঃ দাঃ), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
  - ৮। পিএ টু পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
  - ৯। জনাব কনক চক্রবর্তী, হিসাব সহকারী, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
  - ১০। জনাব মোঃ শহীদুল ইসলাম, অফিস সহকারী, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
  - ১১। অফিস নথি।

  
১৬/০৭/২০২০  
(নাগিস পারভীন)  
উপসচিব(সংযুক্ত)  
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।